দৈনিক ইত্তেফাক

তারিখ 12 FEB 2017
পৃষ্ঠা 7 কলাম 6

# উখিয়ায় প্রধান শিক্ষকের বিরুদ্ধে স্কুল কমিটির সভাপতির মামলা

■ উখিয়া (কক্সবাজার) সংবাদদাতা

উখিয়া দোছড়ী পাহাড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক বিদ্যালয়ের উন্নয়ন কাজে বরাদ্দকৃত অর্থ আত্মসাৎ করেছেন অভিযোগে বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি বাদী হয়ে সিনিয়র স্পেশাল জজ আদালতে মামলা করেছেন। তবে অভিভাবকদের অভিযোগ, সভাপতি ও প্রধান শিক্ষকের মধ্যে বিরোধের জের ধরে বিদ্যালয়ের শিক্ষার পরিবেশ চরমভাবে ব্যাহত হচ্ছে।

দোছড়ী পাহাড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি হাজী মোহাম্মদ আলীর ছেলে ছৈয়দ হামজা অভিযোগ করে জানান, সম্প্রতি পিইডি-পি-৩ প্রকল্পের আওতায় মহিলা ও পুরুষের জন্য নির্মিত ওয়াশ ব্লকে নিম্নমানের উপকরণ ব্যবহার করে সংশ্লিষ্ট ঠিকাদারের সাথে যোগসাজস করে প্রধান শিক্ষক টাকার বিনিময়ে ছাড়পত্র দেওয়ায় বিদ্যালয়ের দীর্ঘমেয়াদি ক্ষতিসাধন হয়েছে। এছাড়া বিদ্যালয়ে রং করার জন্য প্রদত্ত ৩৯ হাজার টাকার মধ্যে ১৮ হাজার টাকার কাজ করে বাকি টাকা আত্মসাৎ করা হয়। এসব ঘটনা নিয়ে দুর্নীতি দমন কমিশনে একটি অভিযোগ করলে দুর্নীতি দমন কমিশন তাকে মামলার পরামর্শ দেয়।

দোছড়ী পাহাড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক বিদ্যালয়ের উন্নয়ন কাজে বরাদ্দকৃত অর্থ আত্মসাৎ করেছেন অভিযোগে বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি বাদী হয়ে সিনিয়র স্পেশাল জজ আদালতে মামলা করেছেন। তবে অভিভাবকদের অভিযোগ, সভাপতি ও প্রধান শিক্ষকের মধ্যে বিরোধের জের ধরে বিদ্যালয়ের শিক্ষার পরিবেশ চরমভাবে ব্যাহত হচ্ছে

এ ব্যাপারে জানতে চাওয়া হলে উপজেলা শিক্ষা কর্মকর্তা সুব্রত কুমার ধর জানান, আদালতে মামলা দায়েরের বিষয়টি তার জানা নেই। তবে বিদ্যালয়ের অর্থ আত্মসাতের ঘটনা প্রমাণিত হলে ওই প্রধান শিক্ষকের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা নেওয়া হবে।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোহাম্মদ কাছিম আলী জানান, তার বিরুদ্ধে আনীত অভিযোগ সম্পূর্ণ মিথ্যা ও বানোয়াট। তাকে হেয় করার জন্য ও মানসিকভাবে দুর্বল করে বিদ্যালয় থেকে সরিয়ে দেওয়ার জন্য তারা ষড়যন্ত্রে লিপ্ত হয়েছে।